



আজ বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার ৭ বছর



ছবি: সংগৃহীত

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার সাত বছর পূর্ণ হলো আজ। আলোচিত এই হত্যাকাণ্ডে নিম্ন ও উচ্চ আদালতে সাজা হলেও মামলার বিচারিক প্রক্রিয়া এখনো পুরোপুরি শেষ হয়নি।

২০১৯ সালের ৬ অক্টোবর রাতে বুয়েটের শেরেবাংলা হলে আবরারকে পিটিয়ে হত্যা করা হয়। ঘটনার ৩৭ দিনের মধ্যে তদন্ত শেষ করে ওই বছরের ১৩ নভেম্বর আদালতে অভিযোগপত্র জমা দেয় গোয়েন্দা পুলিশ।

পরে ২০২১ সালের ৮ ডিসেম্বর ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১-এর বিচারক আবু জাফর মো. কামরুজ্জামান মামলার রায় ঘোষণা করেন। রায়ে ২০ জনকে মৃত্যুদণ্ড এবং পাঁচজনকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়।

পরবর্তীতে হাইকোর্টও নিম্ন আদালতের সাজা বহাল রাখেন। তবে আসামিদের করা আবেদন আপিল বিভাগে নিষ্পত্তির অপেক্ষায় থাকায় মামলাটির চূড়ান্ত বিচারিক প্রক্রিয়া এখনো শেষ হয়নি।